নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৬/২৪৩৩ ২৮ জানুয়ারি ২০২৬

**সংবাদ বিজ্ঞপ্তি**

# জাপানের জিচি মেডিকেল বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিদলের সঙ্গে নোবিপ্রবি উপাচার্যের সৌজন্য সাক্ষাত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল জাপানের জিচি মেডিকেল বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিদলের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। আজ বুধবার (২৮ জানুয়ারি ২০২৬) সকালে বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ে এ সাক্ষাত অনুষ্ঠিত হয়।

সাক্ষাতকালে নোবিপ্রবি উপাচার্য জাপান ও বাংলাদেশের গবেষকদের মধ্যে যৌথ গবেষণা জোরদারের বিষয়ে আলোকপাত করেন। তিনি নোবিপ্রবি ও জিচি মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষা, গবেষণা এবং উদ্ভাবনের ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা ও ভবিষ্যৎ নিয়ে ফলপ্রসূ আলোচনা করেন। আলোচনা শেষে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল নোবিপ্রবির উপহার (লোগো সম্বলিত পাটের ব্যাগ) ও জাপানিজ প্রতিনিধিদল জাপান থেকে আনা উপহার বিনিময় করেন।

এ সময় জাপানের জিচি মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. সাহোকো ইচিহারা, সহযোগী অধ্যাপক ড. নাথান মিসে, ড. একেগামি, ড. ইউকি কিতামুরা, বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ মুজিবুর রহমান হাওলাদার এবং নোবিপ্রবি পরিবেশ বিজ্ঞান ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের সহযোগী অধ্যাপক ও ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের পরিচালক ড. মো. শিবলুর রাহমান উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, জাপানিজ এই প্রতিনিধি দলের প্রধান, অধ্যাপক ইচিহারার তত্ত্বাবধানে নোবিপ্রবি শিক্ষক ড. মো. শিবলুর রাহমান জিচি মেডিকেল বিশ্ববিদ্যালয়ে ২০২০ থেকে ২০২২ পর্যন্ত জেএসপিএস (JSPS) পোস্টডক্টরাল ফেলোশিপের অর্থায়নে ২ বছর গবেষণা কর্ম সফলভাবে শেষ করে ২০২৩ থেকে এখন পর্যন্ত ভিজিটিং রিসার্চার হিসেবে যৌথ গবেষণা করে আসছেন।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪